

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৭ মার্চ ২০২৩খ্রি.

সড়ক যোগাযোগের মান বাড়াতে সংস্কারে জোর: চসিক মেয়র

চট্টগ্রামের সড়ক যোগাযোগের মান বাড়াতে নতুন সড়ক নির্মাণের পাশাপাশি চট্টগ্রামের বিদ্যমান সড়কগুলোর সংস্কারে জোর দেয়া হচ্ছে বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার ২৩ নং উত্তর পাঠানটুলী ওয়ার্ডের কদমতলী-দেওয়ানহাট ফ্লাইওভার সংস্কার কাজের উদ্বোধনকালে মেয়র এ মন্তব্য করেন। এক কোটি ৮৯ লক্ষ টাকায় চট্টগ্রামের এই গুরুত্বপূর্ণ ফ্লাইওভার সংস্কার করা হচ্ছে।

এসময় মেয়র বলেন, চট্টগ্রাম বাংলাদেশের প্রধান বাণিজ্যিক নগরী। বাণিজ্য সম্প্রসারণে উন্নত সড়ক যোগাযোগ ব্যবস্থা জরুরি বিধায় আমি নতুন সড়ক নির্মাণের পাশাপাশি বিদ্যমান সড়ক সংস্কারে জোর দিচ্ছি। এই ফ্লাইওভারটির পাশাপাশি এই এলাকার সব সড়ক আমার মেয়াদেই সংস্কার করা হবে।

"প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা চট্টগ্রামবাসীকে উপহার হিসেবে আড়াই হাজার কোটি টাকার প্রকল্প বরাদ্দ দিয়েছেন যার সব টাকাই সরকার প্রদান করবে। আড়াই হাজার কোটি টাকার প্রকল্পসহ চলমান সবগুলো প্রকল্প বাস্তবায়িত হলে চট্টগ্রামের এমনকি ওয়ার্ড পর্যায়েও কোন কাঁচা সড়ক থাকবেনা। উন্নত যোগাযোগ ব্যবস্থার কারণে ভবিষ্যতে চট্টগ্রামে আন্তর্জাতিক বড় বড় বিনিয়োগ আসবে। ফলে, একদিকে চট্টগ্রামের বেকারত্বের সমস্যার সমাধান হবে অন্যদিকে চট্টগ্রাম হয়ে উঠবে বিশ্ববাণিজ্যের হাব।"

উন্নয়নের সুফলকে তৃণমূল পর্যায় নিয়ে যেতে কাজ হচ্ছে জানিয়ে মেয়র বলেন, চট্টগ্রামের অলিগলি ও পিছিয়ে পড়া এলাকাগুলোতে নালা নির্মাণ ও সড়ক নির্মাণ করছি আমি। গৃহকর নিয়ে আতংকিত না হয়ে আপিল করলে গৃহকর সহনীয় পর্যায়ে নির্ধারণ করে দিচ্ছি। আপনাদের দেয়া করের টাকায় গড়ব তিলোত্তমা চট্টগ্রাম।

চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম বলেন, উত্তর পাঠানটুলী ওয়ার্ডে বর্তমানে ২৫ কোটি টাকার উন্নয়ন কাজ চলমান। এ কাজগুলো শেষ হলে ওয়ার্ডের কোন সড়ক অসম্পন্ন থাকবেনা।

এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, বিপ্লব দাশ, উত্তর পাঠানটুলী ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ইদ্রিস কাজেমী, সাধারণ সম্পাদক ওয়াহিদুর রহমান মহসিন, মো. ইব্রাহিম, ওয়ার্ড আওয়ামী লীগের উপদেষ্টা আব্দুল শুক্কুর চৌধুরীসহ চসিকের কর্মকর্তাবৃন্দ এবং এলাকার সর্বস্তরের নেতৃবৃন্দ ও জনগণ।

চসিকের স্বাস্থ্য বিভাগকে ঢেলে সাজাতে চান মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) স্বাস্থ্যবিভাগকে ঢেলে সাজাতে চান মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার এক আকস্মিক সফরে মেয়র আলকরণমোড়স্থ চসিক জেনারেল হাসপাতাল পরিদর্শনে যান এবং চসিকের স্বাস্থ্য বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ চসিকের স্বাস্থ্যকেন্দ্রসমূহের প্রধানদের সাথে মতবিনিময় করেন। এসব চিকিৎসকরা চসিকের স্বাস্থ্যবিভাগের বিভিন্ন সমস্যা মেয়রের কাছে তুলে ধরলে মেয়র তড়িৎ পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন।

এসময় মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত স্বাস্থ্যকেন্দ্রগুলো একসময় ভালো সেবা দিয়ে সুনাম অর্জন করলেও পরবর্তীতে অবহেলা ও অব্যবস্থাপনায় পিছিয়ে পড়েছে। বর্তমানে বিভিন্ন সংকট ও সমস্যার কারণে চসিকের স্বাস্থ্যকেন্দ্রগুলোতে আগের মতো রোগী আসছেন। আমি দায়িত্ব গ্রহণের পর মেমন হাসপাতালের সংস্কার করায় সেখানে রোগীরা আস্থা ফিরে পেয়েছে। "নিম্ন আয়ের মানুষদের চিকিৎসার বড় আশ্রয়স্থল চসিক পরিচালিত স্বাস্থ্যকেন্দ্রগুলো। আর্থিক সংকটে যাতে কারো স্বাস্থ্যসেবা পাবার অধিকার থেকে বঞ্চিত হতে না হয় সেজন্য স্বাস্থ্যকেন্দ্রগুলোতে প্রয়োজনীয় যন্ত্রপাতি কিনব এবং অস্থায়ী চিকিৎসকদের স্থায়ী করার পাশাপাশি নতুন করে চিকিৎসক ও পরামর্শক নিয়োগ দিব। চসিকের স্বাস্থ্যখাতকে আগের সুনামের পর্যায়ে নিতে সর্বোচ্চ আর্থিক বরাদ্দ দেয়া হবে।"

চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ড. সেলিম আকতার বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রের সমস্যা তুলে ধরলে মেয়র এক সপ্তাহের মধ্যে লিখিত রিপোর্ট দাখিল করতে বলেন এবং চিকিৎসকদের সাথে বসে একটি কর্মপরিকল্পনা গ্রহণ করে চসিকের স্বাস্থ্যখাতকে ঢেলে সাজানো প্রত্যয় ব্যক্ত করেন।

এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির সদস্য কাউন্সিলর আবদুস সালাম মাসুম, চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, বিপ্লব দাশ, স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা, মেডিকেল অফিসার ইনচার্জ ডাঃ মোঃ রাশেদুল ইসলাম, ডাঃ দীপা ত্রিপুরা, ডাঃ রিয়াজ আহমেদ, ডাঃ ইফফাত জাহান সুমি, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সুমন তালুকদার, ডাঃ আকিল

মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন, মেডিকেল অফিসার ডেন্টিস্ট ডাঃ শাহনাজ আক্তার, ডাঃ পলাশ দাশ, মেডিকেল অফিসার ডাঃ
তৃপ্তি চৌধুরী, ডাঃ নুসরাত জাহান, ডাঃ শামীম আরা বেগম, ডাঃ মিজানুর রহমান প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮